দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 26 AUG 2016 ......
পৃষ্ঠা ... ২২ ... কলাম ... ২ ...

## বাউবির এইচএসসি পরীক্ষা শুক্রবার শুরু

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ।** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এইচএসসি পরীক্ষা শুক্রবার থেকে শুরু হচ্ছে। সারাদেশে ৩৩০টি পরীক্ষা কেন্দ্রে এ পরীক্ষায় সর্বমোট ১ লাখ ৫২ হাজার ১ শত ৪০ শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে ৯৬ হাজার ২ শত ৬০ ছাত্র এবং ৫৫ হাজার ৮ শত ৮০ ছাত্রী। এ পরীক্ষা শুধু শুক্রবার দিনগুলোতে সকাল ও বিকেলে অনুষ্ঠিত হবে। আগামী ১৪ অক্টোবর পরীক্ষা শেষ হবে। প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত পরিবেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের জন্য ব্যবস্থা নিয়েছে।